



সার্ক সাহিত্য পুরস্কার পেলেন সেলিনা হোসেন

■ সমকাল প্রতিবেদক
প্রখ্যাত কথাসাহিত্যিক সেলিনা হোসেন ২০১৫ সালের সার্ক সাহিত্য পুরস্কার লাভ করেছেন। আগ্রা গ্র্যান্ড হোটেলে ১৩ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া সার্ক সাহিত্য সম্মেলনে তার হাতে এ পুরস্কার তুলে দেওয়া হবে। পুরস্কারের মধে রয়েছে ৫০ হাজার রুপি, উত্তরীয়, মানপত্র এবং ক্রেস্ট। ৪ দিনব্যাপী এ সাহিত্য সম্মেলনের উদ্বোধনী দিনে পুরস্কার প্রদান অনুষ্ঠানটি হবে। এতে উড়িষ্যা ভাষার কথাসাহিত্যিক সীতাকান্ত মহাপাত্রকে আজীবন সম্মাননায় ভূষিত করা হবে। ফাউন্ডেশন অব সার্ক রাইটার্স অ্যান্ড লিটারেচার এ সাহিত্য সম্মেলনের আয়োজন করছে।

সংগঠনের সভাপতি অজিত কর এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলেন, 'সার্কভুক্ত আটটি দেশের লেখক, শিল্পী, বুদ্ধিজীবী, ইতিহাসবিদদের মিলনমেলায় পরিণত হবে সার্ক সাহিত্য সম্মেলন।'